গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পূর্বধলা, নেত্রকোণা
www.purbadhala.acland@gmail.com

স্মারক নম্বর: ৩১.৪৫.৭২৮৩.০০১.০৫.০২৪.২৩-১২৪৭ তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রিঃ

**বদ্ধ জলমহালের খাস আদায় বিজ্ঞপ্তি (২য় পর্যায়)**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪৩২ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য পূর্বধলা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নোক্ত জলমহালগুলো "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক খাস আদায়ের লক্ষ্যে নির্ধারিত আবেদন ফরমে মূল্য উল্লেখ পূর্বক ও নিম্ন বর্ণিত শর্তে সিল গালাকৃত মুখ বন্ধ খামে আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্ন লিখিত তারিখ ও সময়ে আবেদন জমা দেয়া যাবে।

| আবেদন ফরম জমা প্রদানের তারিখ ও সময় | আবেদন ফরম জমা প্রদানের স্থান |
|---|---|
| তারিখ: ১৯ আগস্ট ২০২৫ বেলা: ১.০০ টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, পূর্বধলা, নেত্রকোণা |

**খাস আদায় যোগ্য বদ্ধ জলমহালের তালিকা**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | খলিশাউড় | কুক্ষুয়াখালী ডোবা | ১.৪০ | কোন জলমহালের বিষয়ে কোন নিষেধাজ্ঞার আদেশ বা ইজারা সংক্রান্ত বিষয়ে মহামান্য আদালতের ভিন্নরূপ কোন সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহাল ক্যালেন্ডার হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। |
| ০২ | বৈরাটি | মাথাং খাস পুকুর | ০.৩৫ | |
| ০৩ | গোহালাকান্দা | কিসমতবাড়েঙ্গা খাস পুকুর-০১ | ০.৬৮ | |
| ০৪ | গোহালাকান্দা | কিসমতবাড়েঙ্গা খাস পুকুর-০২ | ০.৪৬ | |
| ০৫ | বিশকাকুনি | জালশুকা খাসপুকুর | ০.৩৫ | |
| ০৬ | হোগলা | কালিহর খাসপুকুর | ০.৬৮ | |
| ০৭ | পূর্বধলা | শালদীঘা ডোবা | ১.১৮ | |

শর্তাবলীঃ

০১। প্রাপ্ত আবেদন ফরম যাচাই-বাছাইয়ের পর জলমহালের খাস কালেকশন সংক্রান্ত কমিটির সভায় আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

০২। খামের উপর জলমহালের নাম ও আবেদনকারীর পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

০৩। ঘষামাজা-কাটাছেঁড়া কিংবা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমে কোনো ফ্লুইড ব্যবহার করা যাবে না।

CamScanner
Scanned with CamScanner

০৪। অস্পষ্ট ও অসম্পূর্ণ আবেদন ফরম গ্রহণযোগ্য হবেনা।

০৫। সর্বোচ্চ মূল্য প্রদানকারীর অনুকূলে জলমহালটি বরাদ্দ প্রদান করা হবে।

০৬। ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করে এ কার্যালয়ে জমার রশিদ/চালানের কপি দাখিল করতে হবে।

০৭। আবেদনের সাথে ইজারা মূল্যের উপর ১০% জামানত সংযুক্ত করতে হবে।

০৮। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৯। আবেদন ফি (অফেরৎযোগ্য) ২০০/- (দুইশত) টাকা জমা প্রদান করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

১০। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম জলমহালের বিপরীতে গ্রহণ করা যাবেনা। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবেনা। এরূপ করা হলে খাস আদায় বাতিল করা হবে।

১১।খাস আদায়কারী জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন এবং কেউ যাতে সংশিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনিভাবে দখল করতে না পারে তা নিশ্চিত করবেন।

১২। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবেনা যাতে ফৌজদারি কার্য বিধির ১৩৩ ধারা অথবা মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এর কোন বিধান লঙ্ঘিত হয়।

১৩। খাস আদায়কারী সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক জারিকৃত সকল আদেশ নিষেধ খাস আদায়কারী পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে প্রযোজ্য ক্ষেত্রে ফাইল পদ্ধতি অনুসরণ করতে হবে। কোন ক্রমেই মা মাছ নিধন করা যাবে না।

১৪। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ হয়নি, সেই আদেশের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ/নির্দেশ এবং বিধিবিধান খাস আদায়কারী মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫। জলমহাল বরাদ্দ প্রাপ্তির পর আবেদনকারী কর্তৃক জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। আবেদন দাখিলের পূর্বে নিজ দায়িত্বে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে আবেদন দাখিল করতে হবে।

১৬। কোন কারণ দর্শানো ছাড়াই উপযুক্ত মনে করলে আবেদনপত্র বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯।৭।২৫

(নাজনীন আখতার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
পূর্বধলা, নেত্রকোণা

স্মারক নম্বর: ৩১.৪৫.৭২৮৩.০০১.০৫.০২৪.২৩-৫২৪৭

তারিখ: ২৯ জুলাই ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য প্রেরণ করা হলো:
০৩। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা
০৪। উপজেলা মৎস্য অফিসার, পূর্বধলা, নেত্রকোণা
০৫। উপজেলা সমবায় অফিসার, পূর্বধলা, নেত্রকোণা
০৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পূর্বধলা, নেত্রকোণা। (বিজ্ঞপ্তি অফিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৭। চেয়ারম্যান.........................................................ইউনিয়ন পরিষদ।

CamScanner
Scanned with CamScanner

০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, হোগলা/বৈরাটী/বিশকাকুনি/খলিশাউড়/গোহালাকান্দা/পূর্বধলা সদর ইউনিয়ন ভূমি অফিস, পূর্বধলা, নেত্রকোণা। (বিজ্ঞপ্তিটি ০২ দিন মাইকিং করে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।)

০৯। উপ সহকারী কৃষি কর্মকর্তা, ........................................................................ পূর্বধলা, নেত্রকোণা

১০। সভাপতি/সম্পাদক ..........................................মৎস্যজীবি সমবায় সমিতি লি:, গ্রাম- ..................................... ডাকঘর- ...............................................উপজেলা- পূর্বধলা, জেলা- নেত্রকোণা

১১। জনাব .......................................................................পূর্বধলা, নেত্রকোণা।

১২। অফিস কপি/নোটিশ বোর্ড

২৭/৭/২৫

(নাজনীন আখতার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
পূর্বধলা, নেত্রকোণা

CamScanner
Scanned with CamScanner